


শোকবার্তা

গভীর শোক ও শ্রদ্ধাঞ্জলি

অত্যন্ত দুঃখের সঙ্গে জানানো যাচ্ছে যে, আমাদের প্রতিষ্ঠানের প্রাক্তন শারীরশিক্ষা প্রশিক্ষক (Physical Instructor) **শ্রী শিশির কুমার তা** মহাশয়ের প্রয়াণে আমরা গভীরভাবে শোকাহত ও মর্মাহত ।

তিনি ০৪.০৮.১৯৭৮ তারিখে উত্তরপাড়া গভর্নমেন্ট হাই স্কুলে শারীরশিক্ষার শিক্ষক হিসেবে তাঁর কর্মজীবন শুরু করেন। পরবর্তীকালে ২১.০৫.১৯৮০ তারিখে হুগলি মহসিন কলেজে শারীরশিক্ষা প্রশিক্ষক (Physical Instructor) হিসেবে যোগদান করেন এবং ০৮.০৯.১৯৯৮ তারিখে স্নাতকোত্তর শারীরশিক্ষা শিক্ষণ মহাবিদ্যালয়, বাণীপুর Physical Instructor হিসেবে যোগদান করেন।

অ্যাথলেটিক্সের টেকনিকাল বিষয়ের খুঁটিনাটি ও তার জ্ঞানের প্রয়োগ আমাদের অনেক উচ্চতায় পৌঁছে দিয়েছেন। এই ক্ষেত্রে তাঁর অভাব আমরা প্রভুত অনুভব করবো ।

তাঁর দীর্ঘ কর্মজীবন, নিষ্ঠা, কর্তব্যপরায়ণতা এবং শারীরশিক্ষার প্রসারে অবদান আমাদের সকলের কাছে চিরস্মরণীয় হয়ে থাকবে। তাঁর প্রয়াণে আমরা একজন অভিজ্ঞ, নিবেদিতপ্রাণ ও শ্রদ্ধেয় ব্যক্তিত্বকে হারালাম।

আমরা তাঁর বিদেহী আত্মার চিরশান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করি। এই কঠিন সময়ে তাঁদের ধৈর্য ও শক্তি প্রদানের জন্য পরম করুণাময়ের কাছে প্রার্থনা জানাই।

ওঁ শান্তি।

অধ্যক্ষ ও সমগ্র পরিবার
স্নাতকোত্তর সরকারি শারীর শিক্ষা প্রতিষ্ঠান, বাণীপুর

21/11/2026

Principal
Post Graduate Govt. Institute
for Physical Education, Banipur